

"

কৃষি প্রযুক্তি ভাণ্ডার

প্রযুক্তির বিবরণ

প্রযুক্তির নাম : **টমেটো উৎপাদনে আরবাস্কুলার মাইকোরাইজা ও ফসফরাসের ব্যবহার**

বিস্তারিত বিবরণ :

বৈশিষ্ট্য: প্রতি বছর ফসল উৎপাদনের জন্য বহুল পরিমাণে ফসফরাস সার প্রয়োগ করা হয় এবং এর শতকরা ১০-২০ ভাগ গাছ কর্তৃক গৃহীত হয়। মাইকোরাইজা এমন একটি অনুজীব সার যেটি ফসফরাস অপ্রতুল মাটিতে মাটিস্থ ফসফরাসের সহজলভ্যতা বৃদ্ধি করে এবং গাছ কর্তৃক উক্ত ফসফরাস গ্রহণে গাছকে সহায়তা করে। টমেটো একটি গুরুত্বপূর্ণ শীতকালীন সবজি। টমেটো উৎপাদনে আরবাস্কুলার মাইকোরাইজা ও ফসফরাসের প্রভাব পরিলক্ষিত হয়েছে। আরবাস্কুলার মাইকোরাইজা মাটি থেকে বিভিন্ন পুষ্টি উপাদান যেমন-নাইট্রোজেন, ফসফরাস, ম্যাগনেসিয়াম এবং অন্যান্য গৌণ পুষ্টি উপাদান গাছ কর্তৃক গ্রহণে সহায়তা করে গাছের বৃদ্ধি ত্বরান্বিত করে। বীজতলায় মাইকোরাইজা ব্যবহার করে সংক্রমিত চারা মাঠে রোপন করতে হবে। নার্সারী বেড়ে মাটিমিশ্রিত মাইকোরাইজার অণুজীব সার ব্যবহারের দ্বারা উৎপাদিত টমেটোর চারা মাঠে রোপন করে ফলন বৃদ্ধির পাশাপাশি শতকরা ৫০ ভাগ ফসফরাস সার সাশ্রয় সম্ভব। মৃত্তিকা অণুজীবতত্ত্ব শাখা ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ মৌসুমে গবেষণা করে অত্র প্রযুক্তিটি উদ্ভাবন করেছে।।

উৎপাদন প্রযুক্তি

বিষয়	বিবরণ
ফসল	টমেটো
জাত	বারি টমেটো-১৪
জমি ও মাটি	বেলে দোআঁশ
বপনের সময়	অক্টোবরের শেষ সপ্তাহ থেকে নভেম্বর মাসের শেষ পর্যন্ত বীজতলায় বীজ বপন করা হয় এবং ৩০-৩৫ দিন পর চারা জমিতে রোপন করা হয়।
বীজের হার(গ্রাম/হেক্টর)	২০০
বপন পদ্ধতি	সারি থেকে সারির দূরত্ব ৬০ সেমি এবং গাছ থেকে গাছের দূরত্ব ৪০ সেমি

সারের মাত্রা (কেজি/হেক্টর)	
মাটি মিশ্রিত মাইকোরাইজা অণুজীব সার	১কেজি প্রতি বর্গ মিটারে (নার্সারী বেডে চারা উৎপাদনের জন্য)
ইউরিয়া	৩৪৮
টিএসপি	১৫০
এমওপি	১২০
জিপসাম	৮১
জিংক সালফেট	৪
বোরিক এসিড	৩
গোবর(টন/হেক্টর)	৮-১০টন
সার প্রয়োগ পদ্ধতি	শেষ চাষের সময় সবটুকু গোবর, ৫০% টিএসপি ও অন্যান্য সার সমানভাবে ছিটিয়ে মাটির সাথে ভালোভাবে মিশিয়ে দিতে হবে। বাকি তিন ভাগের দুই ভাগ ইউরিয়া চারা রোপনের ২৫ ও ৪৫ দিন পর ২ কিস্তিতে প্রয়োগ করতে হবে।



[প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সাথে কথা বলুন।](#)

[Back](#)